গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর

এবং

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর
-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৯ – ৩০ জুন, ২০২০

# সূচিপত্র

**উপক্রমণিকা**

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**সেকশন ১:** রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

**সেকশন ২:** কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

**সংযোজনী ১:** শব্দসংক্ষেপ (Acronyms)

**সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

**সংযোজনী ৩:** কর্মসম্পাদন লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরন এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

এবং

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ১৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Performance Overview of the Director (Extension), Department of Livestock Services)**

**সাম্প্রতিক অর্জন , চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জনসমূহ:**

কৃষি নির্ভর বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়ন ও অগ্রযাত্রায় প্রাণিসম্পদ অধিদপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দেশের প্রাণিজ আমিষের চাহিদা পূরণের ক্ষেত্রে গবাদিপশু, হাঁস-মুরগি ও দুধ উৎপাদন বৃদ্ধিসহ সংরক্ষণ, রোগ নিয়ন্ত্রণ ও জাত উন্নয়নে এখাতে রয়েছে অভাবনীয় সাফল্য। এ ধারাবাহিকতায় সম্প্রতি বাংলাদেশ মাংস উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে জিডিপিতে স্থিরমূল্যে প্রাণিসম্পদ খাতের অবদান ১.৫৪% এবং প্রবৃদ্ধির হার ৩.৪০% (বিবিএস, ২০১৮)। মোট কৃষিজ জিডিপি'তে প্রাণিসম্পদ খাতের অবদান ১৩.৪৬%। তাছাড়া ২০১৭-১৮ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে জিডিপির আকার ছিল ৩৯৬২৪.৬০ কোটি টাকা যা বিগত ২০১৬-১৭ অর্থ বছরের তুলনায় ৩৫৯৮.৪০ কোটি টাকা বেশি (বিবিএস, ২০১৮) । অধিকন্তু ২০১৭-১৮ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে উৎপাদিত কাঁচা ও প্রক্রিয়াজাত পণ্য রপ্তানি আয় ছিল প্রায় ৪৪৮৩.৭৭ কোটি টাকা (ইপিবি, ২০১৭-১৮)। জনসংখ্যার প্রায় ২০% প্রত্যক্ষ এবং ৫০% পরোক্ষভাবে প্রাণিসম্পদ খাতের ওপর নির্ভরশীল। প্রাণিজ আমিষের প্রধান উৎস মাংস, দুধ ও ডিমের উৎপাদন বিগত তিন বছরে যথাক্রমে ১৮.০১%, ২৯.২৯% ও ৩০.২৮% বৃদ্ধি পেয়েছে। তাই বর্তমানে মাংস, দুধ ও ডিমের জন প্রতি প্রাপ্যতা বেড়ে যথাক্রমে ১২১.১৯ গ্রাম/দিন, ১৫৮.১১ মি.লি/দিন ও ৯৫.২৭ টি/বছর এ উন্নীত হয়েছে যা দেশের ক্রমবর্ধমান জনগোষ্ঠীর প্রাণিজ আমিষের চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিগত তিন বছরে প্রাণিসম্পদ সেক্টরের অর্জনসমূহ নিম্নরূপ:

| উৎপাদিত পণ্য | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| মাংস (লক্ষ মেট্রিক টন) | ৬১.৫২ | ৭১.৫৪ | ৭২.৬০ |
| দুধ (লক্ষ মেট্রিক টন) | ৭২.৭৫ | ৯২.৮৩ | ৯৪.০৬ |
| ডিম (কোটি) | ১১৯১.২৪ | ১৪৯৩.৩১ | ১৫৫২.০০ |

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

গবাদিপশুর গুণগত মানসম্পন্ন খাদ্যের অপ্রতুলতা, রোগের প্রাদুর্ভাব, সুষ্ঠু সংরক্ষণ ও বিপণন ব্যবস্থার অভাব, লাগসই প্রযুক্তির অভাব, সচেতনতার অভাব, প্রণোদনামূলক উদ্যোগের অভাব, উৎপাদন সামগ্রীর উচ্চ মূল্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব, সীমিত জনবল ও বাজেট প্রাণিসম্পদ উন্নয়নে অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮ বাস্তবায়নে এবং ২০৩০ সালের মধ্যে এসডিজি অর্জনে প্রাণিজাত পণ্যের যথাযথ উৎপাদন নিশ্চিত করার লক্ষ্যে বাজার ব্যবস্থার সংযোগ জোরদারকরণ, পণ্যের বহুমুখীকরণ, ফুড সেফটি নিশ্চিতকরণ এবং ক্যাটেল ইনসুরেন্স ব্যবস্থা প্রবর্তন করা হবে। গবাদিপশু ও পাখির রোগ নিয়ন্ত্রণ, নজরদারি, চিকিৎসা সেবার গুণগত মান উন্নয়ন এবং রোগ অনুসন্ধান গবেষণাগার স্থাপন করা হবে । দুগ্ধ ও মাংসল জাতের গরু উৎপাদন বৃদ্ধির জন্য কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গরু-মহিষের জাত উন্নয়ন এবং অধিক মাংস উৎপাদন ক্ষমতা সম্পন্ন গরুর জাত উন্নয়ন করা হবে। পশু খাদ্যের সরবরাহ বাড়াতে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ, টিএমআর প্রযুক্তির প্রচলন ও পশু খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন করা হবে। তাছাড়া প্রাণিসম্পদের টেকসই উৎপাদন নিশ্চিত করার পাশাপাশি প্রাণিজ আমিষের নিরাপত্তা বিধান, আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদাপূরণ, রপ্তানি আয় বৃদ্ধি ও অভিষ্ঠ জনগোষ্ঠীর অংশ গ্রহণের মাধ্যমে কাঙ্খিত আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ। সর্বোপরি, প্রাণিসম্পদ অধিদপ্তরের সাথে সংশ্লিষ্ট SDG-এর ৯টি অভীষ্ট ও ২৮টি লক্ষ্যমাত্রা অর্জনে প্রাণিসম্পদ অধিদপ্তর ইতোমধ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে যা সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

**২০১৯- ২০ অর্থ বছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- গবাদিপশুর জাত উন্নয়ন ও সংরক্ষণে ৪৩.০০ লক্ষ মাত্রা সিমেন উৎপাদন করে দেশব্যাপি ৩৮.৫০ লক্ষ গাভী/বকনা কে কৃত্রিম প্রজনন করা;
- রোগ প্রতিরোধে ২৬.০ কোটি গবাদিপশু-পাখিকে কে টিকা প্রদান;
- মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন-২০১০ এবং পশুখাদ্য বিধিমালা-২০১৩ বাস্তবায়নে ৫০০০০ টি খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন করা;
- গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে ২৫০০০ টি উঠান বৈঠক পরিচালনা করা;
- গবাদিপশু ও হাঁসমুরগির খাদ্যে ও অন্যান্য প্রাণিজাত পণ্যের গুণগত মান নিয়ন্ত্রণে ৪০০ টি মোবাইল কোর্ট পরিচালনা করা;
- জীব নিরাপত্তা ও নিরাপদ প্রাণিজ খাদ্য নিশ্চিতকল্পে খামারী পর্যায়ে ৬০০ টি পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন এবং ৯০০ টি গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন করা;
- প্রায় ১.০০ কোটি রোগাক্রান্ত গবাদিপশু ও ৮.৫০ কোটি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান;
- মাংস প্রক্রিয়াজাতকারীদের দক্ষতা বৃদ্ধির জন্য মোট ১০০০০ জন মাংস প্রক্রিয়াজাতকারী (কসাই) কে প্রশিক্ষণ প্রদান করা।

# সেকশন ১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

## ১.১ রূপকল্প (Vision) :

সকলের জন্য পর্যাপ্ত, নিরাপদ ও মানসম্মত প্রাণিজ আমিষ সরবরাহকরণ।

## ১.২ অভিলক্ষ্য (Mission) :

প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের (Value addition) মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপুরণ।

## ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

### ১.৩.১ দপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. গবাদি পশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি;

২. গবাদি পশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ;

৩. মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;

৪. নিরাপদ প্রাণিজাত পণ্য (দুধ, মাংস ও ডিম) উৎপাদন, আমদানী ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা;

৫. গবাদি পশু-পাখির জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন।

### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

## ১.৪ কার্যাবলি (Functions):

১.৪.১ দুধ, মাংস,ও ডিমের উৎপাদন বৃদ্ধি করা;

১.৪.২ গবাদি পশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ;

১.৪.৩ গবাদি পশু-পাখির কৃত্রিম প্রজনন সম্প্রসারণ;

১.৪.৪ গবাদি পশু-পাখির পুষ্টি উন্নয়ন;

১.৪.৫ গবাদি পশু-পাখির জাত উন্নয়ন;

১.৪.৬ প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ এবং বৈদেশিক মুদ্রা অর্জন;

১.৪.৭ গবাদি পশু-পাখির খামার ব্যবস্থাপনার উন্নয়ন;

১.৪.৮ গবাদি পশু-পাখির কৌলিকমান সংরক্ষণ ও উন্নয়ন;

১.৪.৯ প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা ও উন্নয়ন;

১.৪.১০ প্রাণিসম্পদ সংক্রান্ত আইন, বিধিমালা ও নীতিমালা প্রণয়ন, হালনাগাদকরণ এবং বাস্তবায়ন;

১.৪.১১ প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন।

## সেকশন ২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ

(মোট মান-৮০)

| কৌশলগাত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগাত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৯-২০ (Target/Criteria Value for FY ২০১৯-২০) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২০-২১ | প্রক্ষেপন (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১.গবাদি পশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ২৮.০০ | ১.১ গবাদিপশুর জাত উন্নয়নে সিমেন উৎপাদন | উৎপাদিত সিমেন | মাত্রা (লক্ষ) | ৯.০০ | ৪২.৮৯ | ৪২.১০ | ৪৩.০০ | ৪২.৭০ | ৪২.৪০ | ৪২.১০ | ৪১.৫০ | ৪৪.০০ | ৪৫.০০ |
| | | ১.২ কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননের সংখ্যা | সংখ্যা (লক্ষ) | ৮.০০ | ৩৮.৪৫ | ৩৮.০০ | ৩৮.৫০ | ৩৮.৩৫ | ৩৮.২০ | ৩৮.০০ | ৩৭.৫০ | ৩৯.৫০ | ৪২.০০ |
| | | ১.৩ ছাগল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারি প্রজনন কেন্দ্রে ছাগী প্রজনন | প্রজনন কৃত ছাগী | সংখ্যা | ৫.০০ | ২৬৮৮ | ২৬৮০ | ২৮৫০ | ২৮০০ | ২৭৫০ | ২৬৮০ | ২৬০০ | ২৯৫০ | ৩২০০ |
| | | ১.৪ সংকর জাতের গবাদিপশুর বাছুরের তথ্য সংগ্রহ | তথ্য সংগৃহীত বাছুর | সংখ্যা (লক্ষ) | ৬.০০ | ১২.২৬ | ১২.৩০ | ১৩.০০ | ১২.৮০ | ১২.৬০ | ১২.৩০ | ১২.০০ | ১৩.৫০ | ১৪.০০ |
| ২. গবাদি পশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | ২৫.০০ | ২.১ টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশুপাখির সংখ্যা | সংখ্যা (কোটি) | ৭.০০ | ২৫.৯৭ | ২৫.২০ | ২৬.০০ | ২৫.৭৫ | ২৫.৫০ | ২৫.২০ | ২৪.০০ | ২৭.০০ | ২৮.০০ |
| | | ২.২ গবাদিপশুর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পশু | সংখ্যা (কোটি) | ৪.০০ | ১.৯২ | ০.৭ | ১.০০ | ০.৯ | ০.৮ | ০.৭ | ০.৬ | ০.৯৫ | ০.৯০ |
| | | ২.৩ হাঁস-মুরগির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত হাঁস-মুরগি | সংখ্যা (কোটি) | ৪.০০ | ১১.৩৯ | ৮.২০ | ৮.৫০ | ৮.৪০ | ৮.৩০ | ৮.২০ | ৮.১০ | ৮.৪০ | ৮.৩০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৯-২০ (Target/Criteria Value for FY ২০১৯-২০) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২০-২১ | প্রক্ষেপন (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | অসাধারণ<br>১০০% | অতি উত্তম<br>৯০% | উত্তম<br>৮০% | চলতি মান<br>৭০% | চলতি মানের নিম্নে<br>৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | ২.৪ পোষাপ্রাণির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পোষাপ্রাণি | সংখ্যা | ২.০০ | - | ২৬০০০ | ৩০০০০ | ২৮৭০০ | ২৭৪০০ | ২৬০০০ | ২৫০০০ | ৩২০০০ | ৩৫০০০ |
| | | ২.৫ গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরীত নমুনা | সংখ্যা | ৩.০০ | ৩০২৯৩ | ৩৮০০০ | ৪৫০০০ | ৪২৭০০ | ৪০৪০০ | ৩৮০০০ | ৩৬০০০ | ৪৬০০০ | ৪৮০০০ |
| | | ২.৬ গবাদি পশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | সার্ভিল্যান্সকৃত সংখ্যা | সংখ্যা | ৩.০০ | ৪৪৬৭ | ৫৫০০ | ৭৫০০ | ৬৮৩৩ | ৬১৬৬ | ৫৫০০ | ৫০০০ | ৮০০০ | ৮৫০০ |
| | | ২.৭ ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন | স্থাপনকৃত ভেটেরিনারি ক্যাম্প | সংখ্যা | ২.০০ | - | - | ২০০০ | ১৯৫০ | ১৯০০ | ১৮৫০ | ১৮০০ | ৩০০০ | ৪০০০ |
| ৩. মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ১৫ | ৩.১ খামারিদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ প্রাপ্ত খামারি | জন (লক্ষ) | ৩.০০ | ১.২৯ | ১.৩০ | ২.০ | ১.৮০ | ১.৬০ | ১.৩০ | ১.১০ | ২.১০ | ২.২০ |
| | | ৩.২ মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ প্রাপ্ত মাংস প্রক্রিয়াজাতকারী | জন (সংখ্যা) | ১.০ | - | ৭০০০ | ১০০০০ | ৯০০০ | ৮০০০ | ৭০০০ | ৬০০০ | ১২০০০ | ১৩০০০ |
| | | ৩.৩ গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | আয়োজিত উঠান বৈঠক | সংখ্যা | ৪.০০ | ১৯৭৫১ | ১৯৫০০ | ২৫০০০ | ২৩২০০ | ২১৪০০ | ১৯৫০০ | ১৮৫০০ | ২৬০০০ | ২৭০০০ |
| | | | উঠান বৈঠকে অংশগ্রহণকারী | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ১.৯১ | ২.০ | ২.৫০ | ২.৩০ | ২.১০ | ২.০ | ১.৮০ | ২.৭০ | ২.৯০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৯-২০ (Target/Criteria Value for FY ২০১৯-২০) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২০-২১ | প্রক্ষেপন (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | ৩.৪ স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ | স্থায়ী ঘাস চাষকৃত জমি | একর | ৩.০০ | ৭০১.২৪ | ৩৫০০ | ৫০০০ | ৪৫০০ | ৪০০০ | ৩৫০০ | ৩০০০ | ৫৫০০ | ৬০০০ |
| ৪. নিরাপদ প্রাণিজাত পণ্য (দুধ, মাংস ও ডিম) উৎপাদন, আমদানী ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা | ৬.০০ | ৪.১ খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিডমিল/ হ্যাচারি | সংখ্যা | ২.০০ | ৪৪১৫১ | ৪৪৫০০ | ৫০০০০ | ৪৮২০০ | ৪৬৪০০ | ৪৪৫০০ | ৪৩০০০ | ৫৩০০০ | ৫৫০০০ |
| | | ৪.২ পোল্ট্রি খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন | রেজিষ্ট্রিকৃত খামার | সংখ্যা | ১.০০ | ৩৯৫ | ৪০০ | ৬০০ | ৫৭০ | ৫৪০ | ৪০০ | ৩৫০ | ৬৫০ | ৭০০ |
| | | ৪.৩ গবাদিপশুর খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন | রেজিষ্ট্রিকৃত খামার | সংখ্যা | ১.০০ | ৪৩৮ | ৫০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৫০০ | ৪৫০ | ৯৫০ | ১০০০ |
| | | ৪.৪ প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | পরিচালিত মোবাইল কোর্ট | সংখ্যা | ২.০০ | ৩২৪ | ৩৩০ | ৪০০ | ৩৮০ | ৩৬০ | ৩৩০ | ৩০০ | ৪১০ | ৪২০ |
| ৫. গবাদিপশু-পাখির জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন | ৬.০০ | ৫.১ কেনডিডেট বুল তৈরি | তৈরিকৃত বুল | সংখ্যা | ৬.০০ | ৪৫ | ৩৮ | ৪৫ | ৪৩ | ৪১ | ৩৮ | ৩৫ | ৫০ | ৫৫ |

*সাময়িক

## দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০

(মোট মান-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৬ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ০.৫ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | সংখ্যা | ০.৫ | ২৪ জুলাই, ২০১৯ | ২৯ জুলাই, ২০১৯ | ৩০ জুলাই, ২০১৯ | ৩১ জুলাই, ২০১৯ | ০১ আগস্ট, ২০১৯ |
| | | | [১.১.৪]২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ১৩ জানুয়ারি, ২০২০ | ১৬ জানুয়ারি, ২০২০ | ১৭ জানুয়ারি, ২০২০ | ২০ জানুয়ারি, ২০২০ | ২১ জানুয়ারি, ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১.০ | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| | | | বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | | | | | | | |
| | | | [১.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৭ ফেব্রুয়ারি, ২০২০ | ২৮ ফেব্রুয়ারি, ২০২০ |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১.০ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১.০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১.০ | ১১ মার্চ, ২০২০ | ১৮ মার্চ, ২০২০ | ২৫ মার্চ, ২০২০ | ১ এপ্রিল, ২০২০ | ৮ এপ্রিল, ২০২০ |
| | | [২.৩] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | [২.৩.১] পিআরএল আদেশ জারিকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৩.২] ছুটি নগদায়ন জারিকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৪] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৮.১] অফিসের সকল তথ্য হালনাগাদকৃত | % | ২.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ১.০ | ১৬ আগস্ট, ২০১৯ | ২০ আগস্ট, ২০১৯ | ২৪ আগস্ট, ২০১৯ | ২৮ আগস্ট, ২০১৯ | ৩০ আগস্ট, ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০ | ৪ | ৩ | - | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| | | [৩.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.৪.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | | [৩.৪.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.৪] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৪.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি পরিচালক (সম্প্রসারণ), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক (সম্প্রসারণ) এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

-----------------------------------

পরিচালক (সম্প্রসারণ)
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

১৯।০৫। ২০১৯

তারিখ

.......................................

মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

২৯।৬।১৯.

তারিখ

সংযোজনী-১

# শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষরসমূহ | বর্ণনা |
|---|---|---|
| ১. | এআই | কৃত্রিম প্রজনন (Artificial Insemination) |
| ২. | বিএলআরআই | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (Bangladesh Livestock Research Institute) |
| ৩. | বিবিএস | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (Bangladesh Bureau of Statistics) |
| ৪. | ডিএলএস | প্রাণিসম্পদ অধিদপ্তর (Department of Livestock Services) |
| ৫. | ইপিবি | এক্সপোর্ট প্রমোশন ব্যুরো (Export Promotion Bureau) |
| ৬. | জিডিপি | মোট দেশজ উৎপাদন (Gross Domestic Product) |
| ৭. | এমওএফএল | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (Ministry of Fisheries and Livestock) |
| ৮. | এনজিও | বেসরকারি সংস্থা (Non Government Organization) |
| ৯. | এসডিজি | টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goal) |
| ১০. | টিএমআর | টোটাল মিক্সড রেশন (Total Mixed Ration) |

সংযোজনী -২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | গবাদিপশুর জাত উন্নয়নে সিমেন উৎপাদন | উৎপাদিত সিমেন | অধিক দুধ উৎপাদন বৈশিষ্ট্য সম্বলিত সুপেরিয়র ষাঁড় হতে সিমেন উৎপাদিত হয়। দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এই সিমেন দ্বারা গাভী/বকনাকে কৃত্রিম প্রজনন করানো হয়। উৎপাদিত সিমেন কেন্দ্রীয় গো-প্রজনন কেন্দ্র, সাভার এবং রাজশাহী আঞ্চলিক কেন্দ্র থেকে জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র হয়ে বিভিন্ন উপকেন্দ্র এবং পয়েন্টসমূহে উপ-পরিচালক (এ/আই) –এর তত্ত্বাবধানে সরবরাহ করা হয়ে থাকে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্প কার্যক্রম |
| ২. | কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননের সংখ্যা | গবাদিপশুর জাত উন্নয়নে কৃত্রিম প্রজনন একটি পদ্ধতি যার মাধ্যমে গাভীকে নির্দিষ্ট সময়ে কৃত্রিম উপায়ে প্রজনন করা হয়। এটি গবাদিপশুর জাত উন্নয়ন তথা দুধ এবং মাংস উৎপাদন বৃদ্ধির জন্য আবশ্যক। সকল জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র এবং পয়েন্ট সমূহে অভিজ্ঞ মাঠকর্মী/কৃত্রিম প্রজনন কর্মীর মাধ্যমে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্প কার্যক্রম |
| ৩. | ছাগল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারি প্রজনন কেন্দ্রে ছাগী প্রজনন করা | প্রজননকৃত ছাগীর সংখ্যা | নির্দিষ্ট সময়ে প্রাকৃতিক উপায়ে ব্লাক বেঙ্গল জাতের প্রজননক্ষম পাঁঠা দ্বারা ছাগীকে প্রজনন করানো হয়। দেশব্যাপী ২২ টি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। পর্যায়ক্রমে এ কার্যক্রম উপজেলা পর্যন্ত সম্প্রসারণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | দেশীয় এই জাত সংরক্ষণ করা প্রয়োজন |
| ৪. | সংকর জাতের গবাদিপশুর বাছুর উৎপাদন | উৎপাদিত বাছুরের তথ্য সংগ্রহ | দেশব্যাপী কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র ও পয়েন্টের মাধ্যমে পরিচালিত এ.আই কার্যক্রমের ফলাফল হিসেবে উৎপাদিত সংকর জাতের বাছুর খামারী ও পারিবারিক পর্যায়ে পালন করা হয়ে থাকে এবং মাঠ পর্যায়ে বাছুরগুলোর তথ্য সংরক্ষণ করা হয় ও পরবর্তীতে প্রজনন কাজে ব্যবহার করা হয়। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | বাছুর মৃত্যু প্রতিরোধের জন্য কর্মসূচী/ উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ৫. | টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশু-পাখি | গবাদিপশু-পাখির রোগ-প্রতিরোধ ক্ষমতা সৃষ্টির লক্ষ্যে টিকা প্রদান করা হয়ে থাকে। ভিএফএ এবং অন্যান্য মাঠ কর্মী মাঠ পর্যায়ে টিকা প্রদান করে থাকে। | ডি.এল.এস, এনজিও ও বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ৬. | গবাদিপশুর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পশুর | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ভেটেরিনারি সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | মোবাইল ভেটেরিনারি সেবা প্রয়োজন |
| ৭. | হাঁস মুরগির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত হাঁস মুরগি | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ডিএলএস এর ভেটেরিনারি সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত হাঁস মুরগির চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | মোবাইল ভেটেরিনারি সেবা প্রয়োজন |
| ৮. | পোষাপ্রাণির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পোষাপ্রাণি | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ভেটেরিনারি সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত পোষাপ্রাণির চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | মোবাইল ভেটেরিনারি সেবা প্রয়োজন |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৯. | গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরীত নমুনা | উপজেলা পর্যায় থেকে গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে বিভিন্ন প্রকার নমুনা সংগ্রহ করে সিডিআইএল বা নিকটস্থ এফডিআইএল এ প্রেরণ করা হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ১০. | গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | সার্ভিল্যান্সকৃত সংখ্যা | উপজেলা পর্যায় থেকে খামারে বা খামারির বাড়িতে গবাদিপশু-পাখির বিভিন্ন রোগ সংক্রমণ হয়ে থাকে যা নিয়মিত তদারকি করা হয় এবং সে অনুযায়ী রোগ নিয়ন্ত্রণ কার্যক্রম গ্রহণ করা হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ১১. | ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন | স্থাপনকৃত ভেটেরিনারি ক্যাম্প | জনগণের দোরগোড়ায় গবাদিপশু পাখির চিকিৎসা সেবা পৌঁছে দেয়ার জন্যে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের উদ্যোগে প্রতি উপজেলায় মাসে ১টি ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন করা হবে। এসময় বিনামূল্যে গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান, ঔষধ ও কৃমিনাশক সরবরাহ, টিকা প্রদান এবং অন্যান্য পরামর্শ প্রদান করা হবে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | বিশেষ কার্যক্রম |
| ১২. | খামারিদের প্রশিক্ষণ | প্রশিক্ষণপ্রাপ্ত খামারি | মাঠ পর্যায়ের খামারিদের গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক খামার ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। উল্লেখ্য যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় খামারি প্রশিক্ষণসমূহ এ কার্যক্রমের আওতাভুক্ত থাকবে। | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ১৩. | মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ প্রাপ্ত মাংস প্রক্রিয়াজাতকারী | মাঠ পর্যায়ে বিভিন্ন গবাদিপশুর জবাইখানায় সঠিক এবং স্বাস্থ্যসম্মত উপায়ে পশু জবাই, চামড়া ছাড়ানো, মাংস সংরক্ষণ ও বিক্রয়, জবাই খানার প্রাণিজ উপজাত (রক্ত, হাড়, ক্ষুর, পাকস্থলি প্রভৃতি) সংরক্ষণ ইত্যাদি বিষয়ে মাংস প্রক্রিয়াজাতকারীদের (কসাই) প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। এ প্রশিক্ষণটি নিরাপদ মাংস উৎপাদনে জনস্বার্থে প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় পরিচালিত হয়ে থাকে। | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ১৪. | গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | আয়োজিত উঠান বৈঠক | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী গবাদিপশু-পাখির খামার প্রতিষ্ঠায় ও গবাদিপশু-পাখি পালনে সাধারণ উদ্যোক্তাগণকে উঠান বৈঠক এর মাধ্যমে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | আধুনিক প্রযুক্তি ও উন্নয়ন প্রকল্পে এবং বাজেট বরাদ্ধ প্রয়োজন |
| | | উঠান বৈঠকে অংশগ্রহণকারী | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী গবাদিপশু-পাখির খামার প্রতিষ্ঠায় ও গবাদিপশু-পাখি পালনে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করার উদ্দেশ্যে উঠান বৈঠকে অংশগ্রহণ করার জন্য খামারী ও সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করে থাকেন। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | আধুনিক প্রযুক্তি ও উন্নয়ন প্রকল্প এবং বাজেট বরাদ্ধ প্রয়োজন |
| ১৫. | স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ | স্থায়ী ঘাস চাষকৃত জমি | ফডার এক প্রকারের সবুজ ঘাস যা গবাদিপশুর প্রয়োজনীয় পুষ্টি সরবরাহ করে। নেপিয়ার, পারা, জার্মান এবং ভুট্টা উন্নত জাতের ঘাস। প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীনে সরকারি দুগ্ধ খামার, বিভিন্ন জেলা, উপজেলা দপ্তরে এবং খামারীর জায়গায় অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীর পরামর্শে স্থায়ী ঘাসের নার্সারী ও প্রদর্শনী প্লট স্থাপন | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | প্রক্রিয়াজাতকরণ প্রযুক্তির আধুনিকায়ন প্রয়োজন |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | করা হয়ে থাকে। | | | |
| ১৬. | খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিড মিল/ হ্যাচারি | বিভিন্ন খামার, ফিড মিল এবং হ্যাচারিসমূহের রেজিস্ট্রেশন, লাইসেন্স নবায়ন, প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধিমালার সফল বাস্তবায়ন, খামারের বায়োসিকিওরিটি ও সার্বিক গুণগত মান রক্ষা এবং প্রাণিজাত নিরাপদ খাদ্য নিশ্চিত করার স্বার্থে প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ কর্তৃক নিয়মিত পরিদর্শন করা হয়। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ১৭. | পোল্ট্রি খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন | রেজিষ্ট্রিকৃত খামার | মাঠ পর্যায়ে খামারীদের প্রাণিসম্পদ উপকরণাদি সরবরাহ করার জন্যে এবং খামারের গুণগত মান রক্ষার জন্যে ডিএলএস কর্তৃক পোল্ট্রি খামারের (ব্রয়লার,লেয়ার, হাঁস, হ্যাচারী/প্যারেন্টস্টক) রেজিষ্ট্রেশন ও নবায়ন করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ১৮. | গবাদিপশুর খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন | রেজিষ্ট্রিকৃত খামার | মাঠ পর্যায়ে খামারীদের প্রাণিসম্পদ উপকরণাদি সরবরাহ করার এবং খামারের গুনগত মান রক্ষার জন্যে ডিএলএস কর্তৃক গরু, ছাগল/ভেড়া ও মহিষের খামারের রেজিষ্ট্রেশন ও নবায়ন করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ১৯. | প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | পরিচালিত মোবাইল কোর্ট | প্রাণিজাত পণ্য, পশুখাদ্যের ভেজাল, বিভিন্ন রাসায়নিক অপদ্রব্য বা ফরমালিন মিশ্রিতকরণ রোধে প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে নির্বাহী ম্যাজিষ্ট্রেট এবং পুলিশ/র‍্যাব বাহিনীর সদস্যদের সহগযোগিতায় হাট-বাজার, পশুখাদ্য মজুদাগার, পশুখাদ্য কারখানা, প্রাণিজাত পণ্য প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান প্রভৃতি স্থানে অভিযান পরিচালনা করা হয়। | ডি.এল.এস, এম.ও.এফ.এল এবং উপজেলা ও জেলা প্রশাসন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, ডিএলএসের বার্ষিক প্রতিবেদন | ম্যাজিষ্ট্রেট ও পুলিশ প্রশাসনের সহযোগিতা প্রয়োজন এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তাগণকে Cognizance ক্ষমতা প্রদান প্রয়োজন। |
| ২০. | কেনডিডেট বুল তৈরি | তৈরিকৃত বুল | অধিক জেনিটিক গুণাগুণ সম্পন্ন এবং দেশের আবহাওয়া উপযোগী গবাদিপশুর জাত উন্নয়নে প্রোভেন বুল তৈরি করা প্রয়োজন। এ জন্যে মাঠ পর্যায় থেকে যাচাই বাছাই করে অধিক জেনেটিক গুণাগুণ সম্পন্ন ষাঁড় বাছুর সংগ্রহ করে কেনডিডেট বুল (প্রজনন উপযোগী ষাঁড়) তৈরি করা হয়। যা থেকে সিমেন সংগ্রহ করে কৃত্রিম প্রজনন করা হয়। পরবর্তিতে কেনডিডেট বুল থেকে প্রভেণ বুল (ষাড়) ঘোষণা করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন, প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্পের কার্যক্রম |

সংযোজনী -৩

## অন্য মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| সরকারি | মন্ত্রিপরিষদ বিভাগ ও জননিরাপত্তা বিভাগ | পরিচালিত মোবাইল কোর্ট | প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | সহযোগিতা অব্যাহত থাকা এবং বৃদ্ধিকরণ | প্রশাসন ও পুলিশ বিভাগের অংশগ্রহণ আবশ্যক। প্রশাসন ও পুলিশ বিভাগের প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া সাপেক্ষে অধিক সংখ্যক অভিযান পরিচালনা করা যাবে। |